# Times Today BD

আলী হায়দার। ঢাকা। 12 May, 2025

কিশোরগঞ্জের কুলিয়ারচরে আম পাড়াকে কেন্দ্র করে ঝগড়ায় এক রোজাদার নারীর মৃত্যু হয়েছে। ওই নারী তার ছেলেকে বাঁচাতে গিয়ে প্রতিপক্ষের শাবলের আঘাতে নিহত হন।

সোমবার (১২ মে) বিকেলে উপজেলার গোবরিয়া-আবদুল্লাহপুর ইউনিয়নের উত্তর লক্ষীপুর গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত মমতা বেগম (৫৮) উত্তর লক্ষীপুর নজেরবাড়ি এলাকার বাসিন্দা মতিউর রহমানের স্ত্রী। এ ঘটনায় নিহতের ছেলে জিল্লুর রহমানও গুরুতর আহত হয়েছেন।

নিহত মমতা বেগমের ভাইয়ের ছেলে মোবারক মিয়া জানান, বিগত ৪০ বছর যাবৎ একটি জায়গা তার ফুফাতো ভাইয়েরা ভোগদখল আসছেন। সেখানে একটি আম গাছ রয়েছে। প্রতিবছরই তারা এই গাছের ফল সংগ্রহ করে থাকেন। এবার হঠাৎ করে প্রতিবেশী ইয়াকুব আলীর ছেলে কালু মিয়া (৫৫) ও তার লোকজন বাধা দেন এবং গাছটি তাদের বলে দাবি করেন ।আজ বিকেলে সেই গাছ থেকে আম পাড়তে যান নিহত মমতা বেগমের ছেলে জিল্লুর রহমান। এ সময় কালু মিয়া ও তার লোকজন বাধা দিলে দুই পক্ষের মধ্যে সংঘর্ষ হয়। সংঘর্ষের এক পর্যায়ে জিল্লুর উপর হামলা চালায় কালু মিয়া ও তার লোকজন।এ সময় জিল্লুর রহমানকে বাঁচাতে তার মা মমতা বেগম এগিয়ে আসলে তাকে শাবলের আঘাতে গুরুতর আহত হন মমতা বেগম ।পরে গুরুতর আহত অবস্থায় মমতা বেগমকে জহুরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। মোবারক মিয়া আরও জানান, এ ঘটনায় মমতা বেগমের ছেলে জিল্লুর রহমানও গুরুতর আহত

হয়েছেন।তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

কুলিয়ারচর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হেলাল উদ্দিন এসব তথ্য নিশ্চিত করেছেন।তিনি জানান, পূর্ব বিরোধের জেরে এ ঘটনা ঘটেছে।এতে একজন নারী নিহত হয়েছেন এবং তার ছেলেও গুরুতর আহত হয়েছেন।এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:09

URL: https://www.timestodaybd.com/public/dhaka/2384145231